

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ৫. ৪. ২. worship শব্দটার বাইবেলীয় অর্থ সাজদা করা

বাইবেলের ব্যবহার থেকে প্রতীয়মান যে, ওয়র্শিপ বলতে ‘সাজদা’ করা বুঝানো হয়েছে। আরবি বাইবেলে ‘ওয়র্শিপ’ শব্দটার প্রতিশব্দ হিসেবে ‘সাজদা’ লেখা হয়েছে এবং ‘সার্ভ’ (serve) শব্দটার প্রতিশব্দ ‘ইবাদত’ বলা হয়েছে। এক্ষেত্রে মূল হিব্রু শব্দটা আমরা জানতে পারছি না। তবে হিব্রু ও আরবি উভয়ই সেমিটিক ভাষা এবং প্রায় একই শব্দ ও বাক্যরীতি ব্যবহার করে। এতে প্রতীয়মান যে, মূল হিব্রু ভাষার ‘সাজদা’ বা তদর্থক শব্দকেই ইংরেজিতে ‘ওয়র্শিপ’ শব্দে অনুবাদ করা হয়েছে। বাংলা কেরির অনুবাদে শব্দটার অর্থ ‘প্রণিপাত’ লেখা হয়েছে। এতেও প্রতীয়মান হয় যে, মূল শব্দটা ‘সাজদা’ বা ‘প্রণিপাত’। এছাড়া বাইবেলে বিভিন্ন স্থানে bow down অর্থাৎ মাথা নোয়ানো বা সাজদা করা এবং ওয়র্শিপ বা ইবাদত করাকে সমার্থক হিসেবে ব্যবহার করা হয়েছে। এতে জানা যায় যে, বাইবেলের পরিভাষায় ওয়র্শিপ অর্থ সাজদা করা।

যাত্রাপুস্তক/হিজরত ২০/৫ শ্লোকে ঈশ্বর ভিন্ন অন্য দেবতা বা প্রতিমার ইবাদত নিষেধ করে ঈশ্বর বলছেন:

“Thou shalt not bow down thyself to them, nor serve them”। কেরির অনুবাদ: “তুমি তাহাদের কাছে প্রণিপাত করিও না, এবং তাহাদের সেবা করিও না।” কিতাবুল মোকাদ্দসের অনুবাদ: “তোমরা তাদের পূজাও করবে না, তাদের সেবাও করবে না।” আরবি বাইবেল: “لا تسجد لهم ولا تعبدن”, অর্থাৎ “তোমরা তাদের সাজদাও করবে না, তাদের ইবাদতও করবে না।” একই কথা বলেছেন ঈশ্বর দ্বিতীয় বিবরণ ৫/৯ শ্লোকে এবং একই অনুবাদ করা হয়েছে আরবি ও বাংলায়।

আদিপুস্তক/পয়দায়েশ ২৪/২৬: ‘And the man bowed down his head, and worshipped the LORD’: “লোকটি তার মাথা নোয়াল এবং প্রভুর ইবাদত করল।” কেরির অনুবাদ: “তখন সে ব্যক্তি মস্তক নমন করিয়া সদাপ্রভুর উদ্দেশে প্রণিপাত করিলেন।” কিতাবুল মোকাদ্দস: “তখন সেই গোলাম মাবুদকে সেজদা করে”।

আদিপুস্তক ২৪/৪৮: ‘And I bowed down my head, and worshipped the LORD’: “আমি আমার মাথা নত করলাম এবং সদাপ্রভুর ইবাদত করলাম।” কেরির অনুবাদ: “আর মস্তক নমন করিয়া সদাপ্রভুর উদ্দেশে প্রণিপাত করিলাম।” কিতাবুল মোকাদ্দস: “তারপর আমি মাবুদকে সেজদা করলাম।”

এভাবে আমরা দেখছি যে, ওয়র্শিপ (worship) বা ইবাদত এবং বাউ ডাউন (bow down) উভয় শব্দই আরবিতে সাজদা এবং বাংলায় প্রণিপাত, সাজদা/ সেজদা বা পূজা অনুবাদ করা হয়েছে। বাউ ডাউন (bow down) বা সাজদা করার আরেকটা বাইবেলীয় পরিভাষা (fell on his face) মুখের উপর পড়ে যাওয়া, উবুড় হয়ে পড়া বা মাটির উপর মুখ রাখা এবং (fell on the ground) মাটির উপর পড়ে যাওয়া। (দেখুন:

আদিপুস্তক/পয়দায়েশ ১৭/৩; যিহোশূয়/ যোশুয়া ৫/১৪; ১ শমূয়েল ২০/৪১; ২ শমূয়েল ৯/৬; ১ রাজাবলি ১৮/৭; মথি ২৬/৩৯; মার্ক ৯/২০; ১৪/৩৫; লূক ৫/১২)

নতুন নিয়মের দুটো বক্তব্য আরো নিশ্চিত করে যে, বাইবেলে (fell on his face) উবুড় হওয়া ও (worship)

ইবাদত করা উভয়ই একই অর্থে ব্যবহৃত। যীশু একজন কুষ্ঠরোগী বা চর্মরোগীকে সুস্থ করেন। মথি ও লূক উভয়েই ঘটনাটা লেখেছেন। মথি বলেন: “And, behold, there came a leper and worshipped him, saying, Lord, if thou wilt, thou canst make me clean”: অর্থাৎ ‘সেই সময় একজন কুষ্ঠরোগী এসে তাকে ইবাদত (সাজদা) করে বলল...’। কিতাবুল মোকাদ্দস: “সেই সময় একজন চর্মরোগী এসে তাঁর সামনে উবুড় হয়ে বলল, হুজুর, আপনি ইচ্ছা করলেই আমাকে ভাল করতে পারেন।” (মথি ৮/২)

এখানে যে কর্মটা বুঝাতে মথি ‘ওয়ারশিপ’ শব্দটা ব্যবহার করেছেন, সে কর্মের বর্ণনায় লূক (fell on his face) মুখের উপর পড়া বা সাজদা করা পরিভাষা ব্যবহার করেছেন: “behold a man full of leprosy: who seeing Jesus fell on his face, and besought him, saying, Lord, if thou wilt, thou canst make me clean”: “...কুষ্ঠরোগে পূর্ণ একজন লোক যীশুকে দেখে মুখের উপর পড়ে গেল ও কাকুতি মিনতি করে বলল...”। কিতাবুল মোকাদ্দস: “ঈসাকে দেখে সে উবুড় হয়ে পড়ে কাকুতি-মিনতি করে বলল, ‘হুজুর, আপনি ইচ্ছা করলেই আমাকে ভাল করতে পারেন।’” (লূক ৫/১২)

এ থেকে আমরা নিশ্চিত হই যে, বাইবেলের পরিভাষায় উবুড় হওয়া, মাটিতে পড়া, সাজদা করা, প্রণিপাত করা ও ইবাদত করা একই অর্থে ব্যবহৃত।

বাংলা কিতাবুল মোকাদ্দসেও ওয়রশিপ (worship) অর্থ ‘সেজদা’ করা বলা হয়েছে। উপরে আমরা দেখেছি যে, পয়দায়েশ ২৪/২৬ ও ২৪/৪৮ শ্লোকে worship শব্দের অর্থ লেখা হয়েছে: ‘সেজদা করা’। অনুরূপভাবে শয়তান কর্তৃক যীশুকে পরীক্ষা করা প্রসঙ্গে মথি ৪/৯ ও লূক ৪/৭ শ্লোকে শয়তানের বক্তব্য “All these things will I give thee, if thou wilt fall down and worship me”। কেরির অনুবাদ: “তুমি যদি ভূমিষ্ট হইয়া আমাকে প্রণাম কর”। কিতাবুল মোকাদ্দসের অনুবাদ: “তুমি যদি মাটিতে পড়ে আমাকে সেজদা কর তবে এই সবই আমি তোমাকে দেব।”

প্রেরিত ১০/২৫: “as Peter was coming in, Cornelius met him, and fell down at his feet, and worshipped him”। কিতাবুল মোকাদ্দস: “পিতর যখন ঘরে ঢুকলেন তখন কর্ণেলিয়া তাঁর কাছে গিয়ে তাঁর পায়ে উপর উবুড় হয়ে পড়ে তাঁকে সেজদা করলেন।”

এখানেও ওয়রশিপ -এর অর্থ ‘সেজদা করা’ লেখা হয়েছে।